

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রকল্প পরিচালকের কার্যালয়  
 “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্প  
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
 আইসিটি টাওয়ার ( লেভেল-৮ ), আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৪.১৪.০৬৫.১৮-৩৪৬

তারিখ: ১৫/০৭/ ২০১৮ খ্রি:

**বিজ্ঞপ্তি:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত ৩টি ক্যাটাগরিতে বৃহত্তর ২১টি জেলায় ১০,৫০০ জন নারীকে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণের উদ্দেশ্য হলো আইসিটি ইকো-সিস্টেমে নারীদের অংশগ্রহণ এবং সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি করা। আগ্রহী প্রার্থীকে বিজ্ঞপ্তিতে উল্লেখিত ঠিকানায় আগামী ২২/০৭/২০১৮ ইং তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক্র.নং	প্রশিক্ষণের নাম	মেয়াদ	আবেদনকারীর যোগ্যতা	মন্তব্য
০১	Freelancer to Entrepreneur	<b>লেভেল-১</b> (০৩ মাস প্রশিক্ষণ+হাতে কলমে প্রশিক্ষণের জন্য ০২ মাস ইন্টার্ণ) হাতে কলমে প্রশিক্ষণের সময় ভাতা হিসেবে প্রজেক্ট থেকে দেয়া হবে মাসিক ৩,০০০/= টাকা।	১। এইচ এস সি বা সমমান পাস। ২। সংশ্লিষ্ট বৃহত্তর জেলার স্থায়ী বাসিন্দা। ৩। বয়স ১৮-৪০ বছর। ৪। প্রাথমিক আইটি জ্ঞান থাকতে হবে।	<b>যে সমস্ত উপজেলা সমূহে প্রশিক্ষণ কেন্দ্র থাকবে।</b>  ঢাকা জেলার সাভার, ফরিদপুর সদর, জামালপুর সদর, ময়মনসিংহ সদর, নওগাঁ সদর, পটুয়াখালী সদর, টাঙ্গাইল সদর, বরিশাল সদর, হাটহাজারী চট্টগ্রাম, সদর দক্ষিণ কুমিল্লা, নোয়াখালী সদর, রাঙ্গামাটি সদর, খুলনা ফুলতলা, যশোর সদর, কুষ্টিয়া সদর, পবা রাজশাহী, বগুড়া সদর, পাবনা সদর, রংপুর সদর, দিনাজপুর সদর, সিলেট সদর।
০২	IT Service Provider	<b>লেভেল-২</b> (লেভেল-১ সাফল্যের সাথে উত্তীর্ণদের ০১ মাস প্রশিক্ষণ+হাতে কলমে প্রশিক্ষণের জন্য ০২ মাস ইন্টার্ণ) হাতে কলমে প্রশিক্ষণের সময় ভাতা হিসেবে প্রজেক্ট থেকে দেয়া হবে মাসিক ৪,০০০/= টাকা।	<b>বিঃদ্র:</b> দ্রুত শেখার ক্ষমতা, উদ্যোক্তা হবার মানসিকতা এবং ল্যাপটপ কেনার আর্থিক স্বচ্ছলতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
০৩	Women Call Centre Agent	<b>লেভেল-৩</b> (লেভেল-২ সাফল্যের সাথে উত্তীর্ণদের ০২ সপ্তাহ উন্নত প্রশিক্ষণ) এই লেভেলে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগণকে ল্যাপটপ ক্রয় বাবদ ২০,০০০/= টাকা করে অনুদান প্রদান করা হবে।		

**আবেদন করার ঠিকানা:**

১। আগ্রহী প্রার্থীগণ অপর পৃষ্ঠায় উল্লেখিত ফরম পূরণ পূর্বক ০২ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের কপি সংযুক্ত করে নিজ নিজ জেলার জেলা প্রশাসক বরাবর Online অথবা সরাসরি আবেদন করতে পারবেন।

(মোঃ সোলায়মান মন্ডল)

প্রকল্প পরিচালক

প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প

ফোনঃ +৮৮০২৫৫০০৬৮৭৬

